


Pub. Office

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি



বর্তমানে ভর্তি সমস্যা আমাদের দেশে প্রকট হয়ে দাঁড়িয়েছে। এখানে উচ্চ শিক্ষার্থীর তুলনায় উচ্চ শিক্ষায়তনের সংখ্যা নিতান্তই অপ্রতুল। ফলে ভর্তি সমস্যা ছাত্র-ছাত্রীদের প্রধান সমস্যা হিসাবে দেখা দিয়েছে। একটি নির্দিষ্ট বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করে সেখানেই ভর্তি হওয়া যাবে এমন নিশ্চয়তা এখন আর নেই। তাই প্রত্যেক ছাত্রছাত্রী ভর্তির জন্য একাধিক কলেজ/বিশ্ববিদ্যালয়ে আবেদন করে।

ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পারস্পরিক সাক্ষরিত রেখে ভর্তি পরীক্ষার সময়সূচী ঘোষণা করেছে ফলে দূর-দুরান্ত থেকে আগত ছাত্রছাত্রীরা একবারে ঢাকায় এসে উভয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। যেসব ছাত্রছাত্রী ঢাকা ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আবেদন করেছে তাদের অধিকাংশ আবার রাজশাহী বিশ্ববিদ্যালয়েও আবেদন করেছে।

এমতাবস্থায় রাজশাহী বিশ্ববিদ্যালয় কতৃপক্ষের উচিত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার শেষে অর্থাৎ ১৫ই এপ্রিলের পরে ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা। কারণ ১৫ই এপ্রিলের মধ্যে তারিখ ঘোষণা করলে অধিকাংশ ছাত্রছাত্রী মারাত্মক অসুবিধার সম্মুখীন হবে। জাহাঙ্গীরনগরে ২৯শে মার্চ থেকে ১৩ই এপ্রিল পর্যন্ত পরীক্ষা চলবে। ফলে অনেক ছাত্রছাত্রীকে যে কোন একটি বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দেবার জন্য সিদ্ধান্ত নিতে হবে। এতে অধিকাংশ ছাত্রছাত্রীই উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবে।

অতএব রাজশাহী বিশ্ববিদ্যালয় কতৃপক্ষের কাছে অনুরোধ তন্ন্য

যেন ১৫ই এপ্রিলের পরে ভর্তি পরীক্ষার সময়সূচী নির্ধারণ করেন। তাহলে অনেক ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবে এবং উচ্চ শিক্ষার সুযোগ পাবে।

মনিরুজ্জামান টিপু
ও

মোঃ ইকবাল হোসেন
পুরাতন কসবা, মগুরা।